# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## বিশেষ মূল্যায়ন পরীক্ষা ( নির্বাচনী )-২০২০ ইং

## বিষয় - (যুক্তিবিদ্যা -১ম ও ২য় পত্র)

**সময় :- ২.৩০ ঘন্টা** **পূর্ণমান -৭০**

**(দক্ষিন পার্শ্বস্ত নম্বর প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক)**

১) শিক্ষক ছাত্রদের বললেন , মানুষের চিন্তাশক্তিকে বাস্তব জীবনে প্রয়োগ করতে হলে বিভিন্ন পদ্ধতি অনুসরণ করতে হয় । রহিম ও করিম নামের দুই ছাত্র বলল , স্যার ঐ পদ্ধতিগুলো আমাদের জানা নেই । এসময় শীলা উঠে দাঁড়িয়ে বলল, স্যার ,ঐ পদ্ধতিগুলো হলো জ্ঞানের বাস্তব প্রয়োগ সংক্রান্ত । তখন স্যার বললেন, এসব পদ্ধতিগুলো অনুশীলনের মাধ্যমে জানা যায় ।

ক) 'অন্বয়ী ' শব্দটি সর্ব প্রথম কে ব্যবহার করেন ? ১

খ) 'ব্যতিরেকী পদ্ধতি মুলত একটি পরীক্ষনাত্মক পদ্ধতি ' বুঝিয়ে দাও । ২

গ) উদ্দীপকে রহিম ও করিম যে পদ্ধতির কথা জানেনা বলেছে তা উল্লেখ করে যে কোন একটি পদ্ধতির সুবিধা ব্যাখ্যা কর । ৩

ঘ) উদ্দীপকে স্যার যে শেষোক্ত উক্তিটি করেছেন তা মুল্যায়ন কর । ৪

২) চিত্র -১:

| পুর্বক | অনুগ |
|---|---|
| সালাম রফিক বরকত | ক,খ,গ |
| সালাম বরকত জব্বার | ক,গ,ঘ |
| সালাম জব্বার সাহেদ | ক,ঘ,ঙ |

সুতরাং সালাম হলো 'ক' এর কারণ ।

চিত্র - ২ :

| পুর্বক | অনুগ |
|---|---|
| সালাম রফিক বরকত | ক,খ,গ (সদর্থক দৃষ্টান্ত) |
| রফিক ও বরকত | খ,গ(নঞর্থক দৃষ্টান্ত) |

সুতরাং সালাম হলো 'ক' এর কারণ ।

ক) পরীক্ষণাত্মক পদ্ধতি কত প্রকার ? ১
খ) অন্বয়ী পদ্ধতিকে নিরীক্ষণের পদ্ধতি বলা হয় কেন ? ২
গ) চিত্র -১ দ্বারা কার্যকারণ সম্পর্কের কোন পদ্ধতিকে নির্দেশ করে ? ৩
ঘ) চিত্র ১ ও চিত্র ২ দ্বারা কার্যকারণ সম্পর্কের যে পদ্ধতির প্রকাশ পায় তার মধ্যে কোনটি অধিক গহনযোগ্য ? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও । ৪

৩) দৃষ্টান্ত –১ :-

সকল ধার্মিক ব্যক্তি হয় সুখী  - A
সকল সুখী ব্যক্তি হয় ধার্মিক  - A

দৃষ্টান্ত –২ :-


সকল কবি হয় মানুষ  - A
কিছু মানুষ হয় কবি   -  I

ক) অমাধ্যম অনুমানে কয়টি যুক্তিবাক্য থাকে ? ১

খ) প্রতিবর্তন বলতে কী বুঝ ? ২

গ) দৃষ্টান্ত –১ আবর্তনের কোন নিয়মটি লঙ্গন করেছে ? ব্যাখ্যা কর । ৩

ঘ) আবর্তনের নিয়ম অনুসারে দৃষ্টান্ত –১ ও দৃষ্টান্ত –২ এর বৈধতা বিচার কর । ৪

৪)



চিত্র– ১ চিত্র– ২

ক) সহানুমানের মূর্তি বলতে কী বুঝ ? ১

খ) সহানুমানের বৈধমূর্তি বলতে কী বুঝ ? ব্যাখ্যা কর । ২

গ) উদ্দীপকে চিত্র –১ এ কোন ধরণের সংস্থানকে নির্দেশ করে ? ব্যাখ্যা কর । ৩

ঘ) উদ্দীপকে চিত্র –২ এ প্রকাশিত সংস্থানের সাথে চিত্র –১ এ নির্দেশিত সংস্থানের তুলনামূলক বিশ্লেষণ কর । ৪

৫) দৃশ্যকল্প–১ :

অরুপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের ছাত্র এবং চট্টগ্রাম ল'কলেজের একজন পার্টটাইম কর্মী ।

দৃশ্যকল্প–২:

| ১ | ২ |
|---|---|
| ক. চশমা হয় জড় পদার্থ ।<br><br>খ. চাপাতা হয় ঝাল । | সব লেখক হন সাংবাদিক।<br><br>সব কবি হন লেখক ।<br><br>সুতরাং, সব কবি হন সাংবাদিক। |

ক) প্রতীক কী ? ১
খ) 'প্রতীকের অর্থবহতা নির্ভর করে তিনটি শর্তের উপর ' – ব্যাখ্যা কর । ২
গ) দৃশ্যকল্প–১ এর আলোকে সত্যসারণি গঠন করে তা ব্যাখ্যা কর । ৩
ঘ) 'সত্যতা ও বৈধতা পরস্পর আলাদা হলেও যুক্তিবদ্যায় উভয়ের প্রয়োগ অত্যন্ত গুরুত্বপুর্ণ'–ব্যাখ্যা কর । ৪

৬) নয়ন ও চন্দন কোথাও বেড়ানোর সিদ্ধান্ত নিল । নয়ন বলল , 'যদি তুমি সিলেট যাও তবে তুমি চা বাগান দেখতে পাবে ' । চন্দন বলল , 'তুমি ও আমি এক সাথে সিলেট যাই ' ।

ক) সংকেত কী ? ১

খ) দৈনন্দিন জীবনে প্রতীকের ব্যবহার প্রয়োজন কেন? ২

গ) উদ্দীপকে চপলের বক্তব্য যে যুক্তিবাক্য নির্দেশ করে প্রস্তুত কর । ৩

ঘ) নয়ন ও চন্দনের বক্তব্য যে দুই ধরণের যুক্তিবাক্যকে নির্দেশ করে – তার তুলনামূলক সত্যমুল্য নির্ণয় কর । 4

৭)

| |
|---|
| আকাশে লালচে ধূসর মেঘ, পুলিশের গাড়ীর সাইরেন। |

ছক – ১

| |
|---|
| সঠিক উত্তরের পাশে ()চিহ্ন, গণিতে ( + –÷×) |

ছক–২

ক) সত্যতা কী ? ১

খ) সত্যতা ও বৈধতা কি একই ? ব্যাখ্যা কর । ২

গ) উদ্দীপকে ছক -১ পাঠ্যপুস্তকের কোন বিষয়কে ইঙ্গিত করছে ? ব্যাখ্যা কর । ৩
ঘ) উদ্দীপকে ছক -১ ও ছক-২ এর মধ্যে পার্থক্য পাঠ্য বই এর আলোকে মূল্যায়ন কর । ৪

৮ )

$$\sim[\{ A \vee \{B.Y\} \supset \{ ( Y \supset X ) \equiv (A . X)\}]$$

( A , X = T এবং B , Y = F)

ক) বৈকল্পিক বাক্যের যোজক কী ১

খ) প্রতীক ও সংকেতের মধ্যে পার্থক্য লেখ । ২

গ) উদ্দীপকে উল্লিখিত বিষয়টির সত্যমান প্রক্রিয়া নির্ণয় কর । ৩

ঘ) উদ্দীপকের আলোকে প্রতীকের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর । ৪

৯) মম বাবার সাথে চিড়িয়াখানায় গিয়ে খুব আনন্দ উপভোগ করলো । বাবাকে সে বলল , বাঘ, সিংহ , হরিণ ইত্যাদি প্রাণীগুলোকে একদিকে আর শালিক , ময়না ও তোতা ইত্যাদি প্রাণী গুলোকে অন্যদিকে দেখে ভালো লেগেছে ।উত্তরে বাবা বললেন ,প্রাণীগুলোকে ইচ্ছা করলে মেরুদন্ডী ও অমেরুদন্ডী এ দুভাবেও সাজানো যেতে পারে ।

ক) শ্রেণিকরণ কী ? ১
খ) শ্রেণিকরণ একটি মানসিক প্রক্রিয়া - ব্যাখ্যা কর । ২
গ) উদ্দীপকে মীমের বক্তব্যে শ্রেণিকরণের যে রুপটি প্রকাশ পেয়েছে - তা ব্যাখ্যা কর । ৩
ঘ) উদ্দীপকে মম ও তার বাবার বক্তব্যে শ্রেণিকরণের যে রুপ প্রকাশ পেয়েছে -তার তুলনামূলক আলোচনা কর । ৪

১০) দৃশ্যকল্প - ১ : একদল শিক্ষার্থী একটি বাগানের বিভিন্ন প্রজাতির গাছ সম্পর্কে তথ্য সংগ্রহ সহজ করার লক্ষ্যে ফলজ এবং বনজ এ দু শ্রেণিতে বিভক্ত করে অনুসন্ধান কাজ পরিচালনা করলো ।

দৃশ্যকল্প - ২ : একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ তাঁর শিক্ষার্থীদের বই পড়ায় উৎসাহী করার লক্ষ্যে বই মেলা থেকে বেশ কিছু বই ক্রয় করলেন ।বইগুলো গল্প , সাহিত্য , কবিতা , উপন্যাস ইত্যাদি শ্রেণিতে ভাগ করলেন ।

ক) শ্রেণিকরণ কাকে বলে ? ১
খ) শ্রেণিকরণের সীমাবদ্ধতা বলতে কী বুঝ ? ব্যাখ্যা কর । ২
গ) দৃশ্যকল্প - ১ এ শিক্ষার্থীদের শ্রেণিকরণ কোন ধরণের ? ব্যাখ্যা কর । ৩
ঘ) দৃশ্যকল্প - ১ ও দৃশ্যকল্প - ২ এ শ্রেণিকরণের মধ্যে কোন ধরণের পার্থক্য পরিলক্ষিত হয় ? তা আলোচনা কর । ৪

১১) দৃশ্যপট- ১ : একদিন চট্টগ্রাম অঞ্চলের সাধনপুর গ্রামের উপর দিয়ে টর্নেডো বয়ে গেল । কেউ এ বিষয়ে আবগত ছিলনা । আবহাওয়া বিভাগও কিছু জানায়নি ।হঠাৎ করেই যেন এটি ঘটে গেল ।

দৃশ্যপট -২ : অন্য আরেকদিন সারাদেশে ভ্যাপসা গরম ; আকাশে ঘন কালো মেঘের ঘনঘটা । সমুদ্রে নিম্নচাপ তৈরি হয়েছে ।বেতার ও টিভিতে ঘন ঘন ১০ নং মহাবিপদ সংকেত প্রচার হতে লাগল । রাতের শেষভাগে ঝর বয়ে যেতে পারে ।

ক) আকস্মিকতা কী ? ১
খ) সম্ভাব্যতা পরিমাপের দুটি নিয়ম লেখ । ২
গ) উদ্দীপকে বর্ণিত দৃশ্যপট- ১ পাঠ্য বইয়ের যে বিষয়ের সাথে মিল আছে- তা আলোচনা কর। ৩
ঘ) উদ্দীপকে বর্ণিত দৃশ্যপট- ১ ও দৃশ্যপট- ২ এর তুলনামূলক পার্থক্য আলোচনা কর । ৪